


১৫ জুন শুরু হচ্ছে বাংলাদেশ আইসিটি এক্সপো ২০১৫

অনলাইন ডেস্ক

Published : Thursday, 11 June, 2015 at 4:43 PM, Update: 11.06.2015 5:53:27 PM



আগামী ১৫ জুন থেকে শুরু হওয়া দেশের সবচেয়ে বড় প্রযুক্তি আয়োজন 'বাংলাদেশে আইসিটি এক্সপো-২০১৫' উদ্বোধন করবেন রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ। বুধবার রাষ্ট্রপতি মো. আবদুল হামিদকে বাংলাদেশ আইসিটি এক্সপো ২০১৫ এর আমন্ত্রণপত্র হস্তান্তর করছেন তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলক। এ সময় উপস্থিত ছিলেন তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের সচিব শ্যাম সুন্দর সিকদার, তথ্য প্রযুক্তি অধিদপ্তরের মহাপরিচালক মুহাম্মাদ জসিম উদ্দিন এবং বাংলাদেশ কম্পিউটার সমিতির সভাপতি এ এইচ এম মাহফুজুল আরিফ।

বাংলাদেশ সরকারের ডাক টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়ের তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ এবং বাংলাদেশ কম্পিউটার সমিতির (বিসিএস) উদ্যোগে যৌথভাবে তিন দিনের এই প্রদর্শনী ও মেলার আয়োজন করছে।

মেলার আয়োজন সম্পর্কে বিসিএস সভাপতি এ এইচ এম মাহফুজুল আরিফ বলেন, প্রস্ফুটিত দেশীয় প্রযুক্তি শিল্পের টেকসই উন্নয়ন ও সম্ভাবনার প্রতিচিত্র তুলে ধরতেই আমরা এবার ভিন্নমাত্রায় আয়োজন করেছি 'বাংলাদেশ আইসিটি এক্সপো ২০১৫'। দেশের প্রযুক্তি খাতকে নতুন মাত্রা দিতে এই আয়োজনে আমাদের সারথী হয়েছে বাংলাদেশ সরকারের আইসিটি বিভাগ। মেলায় আমরা পাশে পেয়েছি প্রধানমন্ত্রীর কার্যালয়ের এটুআই প্রকল্প এবং বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলকে। সহযোগী হিসেবে আমাদের সঙ্গে রয়েছে বেসিস, সিটিও ফোরাম এবং আইএসপিএবি।

মেলার প্লাটিনাম স্পন্সর হিসেবে অংশগ্রহণ করছে ডেল ও এইচপি। গোল্ড স্পন্সর কনিকা মিনোল্টা এবং মাইক্রোল্যাব। সিলভার স্পন্সর হিসেবে থাকছে প্রোলিংক এবং এনআরবি গ্লোবাল ব্যাংক লিমিটেড। মেলার মিডিয়া পার্টনার এটিএন বাংলা, এফ এম ৮৯.৬ এবং দৈনিক সমকাল। অর্থাৎ সকলের অকৃত্রিম

সহযোগিতার মাধ্যমেই আমরা এবার ভোক্তার কাতার থেকে উৎপাদক হয়ে নিজেদের প্রয়োজন মিটিয়ে রপ্তানির মাধ্যমে জিডিপিতে অবদান রাখতে চাই। 'বাংলাদেশ আইসিটি এক্সপো'-এর মাধ্যমে রূপকল্প ২০২১ এর মধ্যেই প্রযুক্তি বিশ্বে শুরু হোক 'মেকবাই বাংলাদেশ' হিসেবে পথচলা।

বিসিএসের সহ-সভাপতি ও প্রদর্শনীর আহ্বায়ক মজিবুর রহমান স্বপন বলেন, "আইসিটিএক্সপো ২০১৫ আয়োজনে 'ইনোভেশন জোন' থাকবে। সেখানে নবীনদের নানা উদ্ভাবন প্রদর্শিত হবে। এছাড়া গেমিং প্রতিযোগিতা, রোবট শো, সেলব্রেটি শো হবে এই জোনে।"

প্রদর্শনীর তিন দিনে ক্লাউড কম্পিউটিং, সাইবার নিরাপত্তা, ডিজিটাল মার্কেটিং, উদ্যোক্তা সম্মেলনসহ তথ্য-প্রযুক্তি ভিত্তিক ১০টি সেমিনার অনুষ্ঠিত হবে। এছাড়াও 'ভবিষ্যৎ উদ্যোক্তা ফোরাম' শীর্ষক সম্মেলনের আয়োজন করা হবে।

প্রদর্শনী চলাকালে ইনোভেশন প্রজেক্ট চ্যাম্পিয়নশিপ, ডিজিটাল ফটো কনটেস্ট, সেলফি কনটেস্ট, গেমিং কনটেস্ট, সেলব্রেটি শো, প্রোডাক্ট শো, স্পন্সর আওয়ার নামের নানান সেশন অনুষ্ঠিত হবে। এছাড়াও প্রতিদিন থাকবে সাংস্কৃতিক অনুষ্ঠান।

মেলায় শিশুদের জন্য বিশেষ চিত্রাঙ্কন প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে। বয়সভিত্তিক দুই বিভাগে 'তোমার ভবিষ্যৎ স্বপ্নের ডিভাইস' বিষয়ে অঙ্কন প্রতিযোগিতা ১৬ জুন বিকাল ৪ টায় অনুষ্ঠিত হবে।

বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল, অ্যাকসেস টু ইনফরমেশনের (এটুআই), বাংলাদেশ অ্যাসোসিয়েশন অব সফটওয়্যার অ্যান্ড ইনফরমেশন সার্ভিস (বেসিস), প্রধান কারিগরি কর্মকর্তাদের সংগঠন সিটিও ফোরাম এবং ইন্টারনেট সার্ভিস প্রোভাইডার্স অ্যাসোসিয়েশন অব বাংলাদেশের (আইএসপিএবি) সহযোগী হিসেবে রয়েছে। মিডিয়া পার্টনার হিসেবে হিসেবে রয়েছে এটিএন বাংলা, সমকাল এবং রেডিও টুডে।

মানবকণ্ঠ/আরএ/এমআর

ভারপ্রাপ্ত সম্পাদক : আবু বকর চৌধুরী, প্রকাশক : জাকারিয়া চৌধুরী।

ফোনঃ +৮৮-০২-৯৮৯২৮৩২, +৮৮-০২-৯৮৯৩৯২৩, ই-মেইল : info@manobkantha.com